২য় পর্ব

# ইল্যান্সে ফ্রিল্যান্সিং শুরু করবেন যেভাবে

মৃণাল কান্তি রায় দীপ

গত সংখ্যায় ফোন ভেরিফিকেশন পর্যন্ত উপস্থাপন ধরা হয়েছিল, এই সংখ্যায় বাকি অংশের বিস্তারিত আলোচনা করা হয়েছে।

***প্রোফাইল তৈরি :*** অন্য সব মার্কেটপ্লেসে যেভাবে প্রোফাইল তৈরি করতে হয় ইল্যান্সেও প্রোফাইল তৈরি একইভাবে করুন, কিন্তু এক্ষেত্রে কিছু পার্থক্য খুঁজে পাবেন। গত সংখ্যায় বেসিক প্রোফাইল তৈরি নিয়ে আলোচনা করা হয়েছিল, যা ইল্যান্সে অ্যাকাউন্ট খোলার পর অবশ্যই করতে হয়।

নিচে ইল্যান্সে প্রোফেশনাল ও ভালো প্রোফাইল তৈরির পন্থা বর্ণিত হচ্ছে।

০১. Login করার পর Overview-এর ডানে Edit লিঙ্কে ক্লিক করুন।

ক. YouTube Video URL অংশে আপনার কোনো ভিডিও ইউটিউবে থাকলে তার লিঙ্ক দিতে পারেন। যদি আগে অন্য কোথাও কাজ করে থাকেন এবং কোনো ঘনিষ্ঠ ক্লায়েন্ট থাকে তাহলে তাকে বলুন আপনার জন্য একটি ছোট ভিডিও তৈরি করতে, যা আপনি অথবা সে ইউটিউবে আপলোড করতে পারেন। ওডেস্ক অথবা অন্য সাইটে একজন ক্লায়েন্টের সাথে কয়েকটি প্রজেক্ট অথবা কয়েক মাস কাজ করার পর অবশ্যই সে আপনার কোনো অনুগ্রহ গ্রাহ্য করবে। ইউটিউবে ভিডিও রাখলে সেটা আপনার জন্য কত উপকারী হবে তা নিয়ে পরে বিস্তারিত আলোচনা করা হবে।

খ. Overview অংশে আপনার কাজ, স্কিল, অভিজ্ঞতা এসব বিষয় নিয়ে লিখুন। ভালো হয় যদি এখানে আপনি যে কাজগুলো করবেন সে সম্বন্ধে বিস্তারিত বিবরণ দিলে।

উদাহরণস্বরূপ, আপনি যদি লেখালেখির কাজ যেমন : Article Writing, Web Content Writing, Blogging করতে ইচ্ছুক হলে নিচের মতো করে লিখতে পারেন।

-I'm so passionate about writing. I'm highly trained and have developed myself to be the very best in what I do. I offer article writing, press releases, eBook writing and web content writing. I have also written articles on a wide variety of topics. I'm skilled in SEO and keyword research and placement, and I'm always very willing and ready to serve your needs.

ওপরের লাইনগুলো পুরোপুরি কপি না করে, আপনার কথাগুলো নিজের স্টাইলে লিখুন। ওপরের লাইনগুলো অনুসরণ করতে পারেন শুধু।

গ. Service Description অংশে যে কাজগুলো করবেন সেগুলো বিস্তারিত লিখুন। এখানে যত বেশি সম্ভব কাজগুলো কিভাবে সম্পাদন করবেন তার বিবরণ লিখুন। তা ছাড়া এখানে কাজ শেষে ক্লায়েন্টকে বাড়তি কী কী সুবিধা দেবেন তা উল্লেখ করুন। উদাহরণস্বরূপ আপনি যদি ওয়েব ডেভেলপার হন তাহলে প্রজেক্ট শেষ করার পর ক্লায়েন্ট যদি কোনো সমস্যায় পড়েন তাহলে আপনি যে তাকে ফ্রিতে তা করে দেবেন তা উল্লেখ করুন। ব্যাপারটা বিক্রয়োত্তর সেবার মতো। তাই আপনার সেবাগুলো এখানে উল্লেখ করুন।

ঘ. Payments Terms এই অংশে আপনার পেমেন্ট কিভাবে চান সেটি উল্লেখ করতে পারেন। Elance-এ দুই ধরনের পেমেন্ট সিস্টেম আছে–Hourly & Fixed Price।

ঘ-১. Hourly–এই পদ্ধতিতে ক্লায়েন্ট ঘণ্টা হিসেবে পারিশ্রমিক দেবে, আপনাকে Elance Tracker নামের একটি Software Download করে ইনস্টল করতে হবে। কাজ শুরুর সময় এটি অন করতে হবে আর কাজ শেষ হওয়ার পর এটি অবশ্যই অফ করতে হবে। এই সফটওয়্যারটি প্রতি ১২ মিনিট পরপর আপনার ডেস্কটপের স্ক্রিনশট নেবে, আপনি প্রতি স্ক্রিনশটে কমেন্ট যোগ করতে পারবেন, যার মাধ্যমে ক্লায়েন্ট বুঝবে আপনি ওই সময়ে কী কাজ করেছেন। আপনি চাইলে পরে সেই স্ক্রিনশটগুলো দেখতে ও এডিট করতে পারেন। আবার কোনো অবাঞ্ছিত স্ক্রিনশট মুছে দিতে পারেন, কিন্তু সেক্ষেত্রে ওই স্ক্রিনশটের অধীনস্থ সময়গুলোও মুছে যাবে।

ঘ-২. Fixed Price–এই পদ্ধতিতে ক্লায়েন্ট কাজ শুরুর আগেই Escrowতে টাকা জমা করবে, যা দিয়ে আপনার পেমেন্ট নিশ্চিত হয়। কাজ শুরুর আগে Workroom→Billing & Invoices-এ ঢুকে Request to Escrow বাটনে ক্লিক করুন, যদি ক্লায়েন্ট কোনো কারণবশত Escrowতে টাকা জমা না করে থাকে। Escrow-তে টাকা জমা না হওয়া পর্যন্ত কাজ শুরু করবেন না। কাজ শেষ হওয়ার পর ক্লায়েন্ট পুরোপুরি সন্তুষ্ট হলে Workroom→Billing & Invoices-এ ঢুকে Request Release বাটনে ক্লিক করুন।

কোনো কারণে ক্লায়েন্ট Escrow Release না করলে চিন্তা করার কোনো কারণ নেই, Final Deliverable অর্থাৎ কাজ শেষ হওয়ার এক মাস পর Escrow "Auto Release" হয়ে আপনার অ্যাকাউন্টে টাকা জমা হবে। এ ব্যাপারে সন্দেহ থাকলে Elance Customer Care-এ সহায়তা নিতে পারেন।

ঙ. Keywords এই অংশে আপনার কাজ সম্পর্কিত ৫টি কিওয়ার্ড দিতে পারবেন। ক্লায়েন্টদের নতুন প্রজেক্টে আমন্ত্রণ পেতে এটি ম্যাজিক হিসেবে কাজ করে। যথাসম্ভব আপনার স্কিল সম্পর্কিত কিওয়ার্ড দিন।

চ. Save বাটনে ক্লিক করে প্রফেশনাল প্রোফাইল তৈরি সম্পন্ন করুন। পোর্টফলিও অংশে আগের কাজগুলো জমা দিতে পারেন। এটি কাজ পাওয়ার জন্য অনেক সহায়তা করবে। স্কিলস অংশে যে বিষয়ে দক্ষ তা উল্লেখ থাকবে। এগুলো নিজে নিজে লিপিবদ্ধ করতে পারেন বা Elance-এ পরীক্ষা দেয়ার মাধ্যমে লিপিবদ্ধ করতে পারেন। ওডেস্কের মতো Elance-এও পরীক্ষা ফ্রিতে দেয়া যায়। আপনার নিজের লিপিবদ্ধ করা বিষয়গুলো আকাশি রংয়ের ও Elance-এর মাধ্যমে দেয়া পরীক্ষাগুলো কমলা রংয়ের হয়ে থাকবে। ফ্রি মেম্বারশিপে আপনার দেয়া পরীক্ষার মাত্র ৫টি বিষয় অন্যরা দেখতে পারে।

কোনো বিষয়ের ওপর পরীক্ষা দেয়ার জন্য Skills-এর ডান দিকে Edit লিঙ্কে ক্লিক করুন।

নতুন বিষয়ে পরীক্ষা দিতে চাইলে Add Skills বাটনে ক্লিক করুন।

দুটি রেডিও বাটন দেখতে পাবেন "Take the skills test" এবং "Self-rate" নামে।

Take the skills test সিলেক্ট করুন যদি আপনি অনলাইনে Elance-এর লিপিবদ্ধ বিষয়গুলোতে পরীক্ষা দিতে চান।

Self-rate সিলেক্ট করুন যদি আপনার বিষয় নিজে নিজে লিপিবদ্ধ করতে চান কোনো পরীক্ষা ছাড়া।

নিজে নিজে লিপিবদ্ধ করার চেয়ে ইল্যান্সের মাধ্যমে পরীক্ষা দিয়ে আপনার বিষয়গুলোতে লিপিবদ্ধ করা কার্যকর ও গ্রহণযোগ্য। এতে আপনার দক্ষতা প্রমাণিত হয়।

***ইল্যান্স গ্রুপ :*** আপনার প্রোফাইলের ডান দিকে Elance Groups-এ যোগ দেয়ার লিঙ্ক পাবেন। Join Groups লিঙ্কে ক্লিক করে আপনার পছন্দের গ্রুপের লিস্ট পেতে পারেন। সব গ্রুপের লিঙ্ক elance.com/groups/directory.

সব গ্রুপে যোগ দেয়ার জন্য এক বা একাধিক সংশ্লিষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। আবার কিছু ক্লায়েন্ট তাদের জবে Proposal দেয়ার জন্য জব সংশ্লিষ্ট নির্দিষ্ট গ্রুপের আমন্ত্রণ দেয় এবং Proposal গ্রহণ করে।

এই পর্বে এই পর্যন্তই। আগামী পর্বে ইল্যান্সের মেম্বারশিপ প্ল্যান, বিশেষ কিছু ফিচার ও কার্যকর Proposal লেখার উপায় নিয়ে আলোচনা করা হবে।

ইল্যান্স সম্পর্কিত যেকোনো প্রশ্ন থাকলে Elance BD Help নামের ফেসবুক গ্রুপে https://www.facebook.com/groups/elance.bd.help যোগদান করে অভিজ্ঞদের সাহায্য পেতে পারেন।

নানা ধরনের বৈশিষ্ট্যে সমৃদ্ধ ইল্যান্স ওয়েবসাইটে প্রতিটি বিষয়ের ওপর রয়েছে বিস্তারিত বর্ণনা, যা একজন নতুন ফ্রিল্যান্সারকে সহজে আকৃষ্ট করবে। মূলত এই সাইটটিতে অন্যান্য ফ্রিল্যান্সিং সাইটের সব ভালো ভালো ফিচারের সমাহার দেখতে পাবেন। তবে ফ্রি মেম্বারদের জন্য মাসে মাত্র ১৫টি কানেক্ট প্রথম প্রথম কাজ পেতে কিছুটা অসুবিধার সৃষ্টি করবে। তাই কয়েকটি কাজ করার পর অন্য আরেকটি মেম্বারশিপ প্ল্যানে পরিবর্তন করে নেয়াটাই ভালো।

*ফিডব্যাক : mkrdip@yahoo.com*